

কুড়িগ্রামে চরাঞ্চলে শীতবস্ত্র বিতরণ

সারাদেশ | 15TH JANUARY, 2021 9:44 PM



কুড়িগ্রাম প্রতিনিধি:

কুড়িগ্রামের উলিপুর উপজেলার নদী বিচ্ছিন্ন বেগমগঞ্জ ইউনিয়নের মোল্লারহাট গ্রামে প্রায় দুই শতাধিক চরাঞ্চলবাসীর মাঝে বিনামূল্যে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

শুক্রবার দুপুরে বেসরকারি সংস্থা সেন্টার ফর ডেভেলপমেন্ট অ্যাকশন (সিডিএ)'র উদ্যোগে চরাঞ্চলের অসহায় ও দুঃস্থ পরিবারকে এই শীতবস্ত্র দেয়া হয়।

উল্লেখ্য, কুড়িগ্রামে গত ছোট-বড় ৬ দফা বন্যায় আর করোনায় মানুষের জীবনযাত্রা বিঘ্নিত করেছে। অর্থনৈতিক দুর্দশায় বিপর্যস্ত এসব চরাঞ্চলবাসীর নিম্ন আয়ের মানুষজনের শীত নিবারণের জন্য এসব শীতবস্ত্র প্রদান করা হয়।